# হরমুজ প্রণালিতে স্বাভাবিক হয়নি জাহাজ চলাচল



ছবি: সংগৃহীত

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হলেও হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল এখনো স্বাভাবিক অবস্থায় পৌঁছায়নি। সর্বশেষ তথ্য বলছে, যুদ্ধবিরতির পর প্রথম দুই দিনে মাত্র ১২টি জাহাজ এই গুরুত্বপূর্ণ পথ অতিক্রম করেছে।

প্রায় ৪০ দিন ধরে চলা সংঘাতের প্রভাবেই এই জলপথে নৌযান চলাচল মারাত্মকভাবে বিঘ্নিত হয়। বর্তমানে পরিস্থিতির কিছুটা উন্নতি দেখা গেলেও আগের মতো স্বাভাবিক গতি এখনো ফিরে আসেনি।

এদিকে হোয়াইট হাউসের অর্থনৈতিক উপদেষ্টা কেভিন হ্যাসেট জানিয়েছেন, হরমুজ প্রণালি সম্পূর্ণভাবে সচল হলে বৈশ্বিক জ্বালানির দাম দ্রুত কমতে পারে। এর ফলে মূল্যস্ফীতির চাপ হ্রাস পাবে এবং সুদের হার কমানোর সম্ভাবনাও তৈরি হবে।

তিনি আরও বলেন, জ্বালানি বাজার স্থিতিশীল হলে ফেডারেল রিজার্ভ ভবিষ্যতে সুদের হার কমানোর সিদ্ধান্ত নিতে পারে, যা সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে।

LENS ASIA